মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং : উমা/পনি-১৩০৫ তারিখ : ০৮-১১-২০২৫ খ্রি:

বিষয় : এইচএসসি পরীক্ষা ২০২৬-এর পুনঃনিরীক্ষণ ও পুনর্মূল্যায়নের জন্য **ইংরেজি ১ম ও ২য় পত্র (১০৭ ও ১০৮)** উত্তরপত্র প্রেরণ সংক্রান্ত

এইচএসসি পরীক্ষা-২০২৬ এর প্রধান পরীক্ষকগণকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষা-২০২৬ এর উত্তরপত্র পুনঃনিরীক্ষণ ও পুনর্মূল্যায়নের জন্য পরীক্ষার্থীদের আবেদনের পরিপ্রেক্ষিতে **শুধুমাত্র ইংরেজি ১ম ও ২য় পত্র (১০৭ ও ১০৮)** বিষয়ের উত্তরপত্রের তালিকা বোর্ডের ওয়েবসাইটের **Latest Notice**-এ দেয়া হয়েছে।

উল্লিখিত ক্রমিকের উত্তরপত্রগুলো নিম্নের ছক অনুযায়ী **ইংরেজি ১ম ও ২য় পত্র** বিষয়ের উত্তরপত্র বোর্ডের দ্বিতীয় তলা কম্পিউটার ল্যাব-এ নিজে উপস্থিত হয়ে অথবা উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ক্রমিক	জেলার নাম	তারিখ ও বার	মন্তব্য
০১	যশোর ও মেহেরপুর, খুলনা ও নড়াইল ঝিনাইদহ ও বাগেরহাট ,সাতক্ষীরা ও চুয়াডাঙ্গা কুষ্টিয়া ও মাগুরা	**ইংরেজি ১ম ও ইংরেজি ২য় পত্র (১০৭ ও ১০৮) ১০-১১-২০২৬**	**অন্যান্য বিষয়ের উত্তরপত্র জমা দেয়ার তারিখ পরবর্তী বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।**

উত্তরপত্র যাচাই পদ্ধতি :

আপনার বাছাইকৃত উত্তরপত্রটি সঠিক আছে কিনা তা যাচাই করার জন্য প্রিন্টকৃত তালিকা উত্তরপত্রের কভার পেজের নিচে সঠিকভাবে স্থাপন করে **"Script Pattern"**-এ উত্তরপত্রটি মিলিয়ে দেখুন অথবা **scan.jessoreboard.gov.bd** ভিজিট করে **Scan QR Code** বাটনে ক্লিক করে ক্যামেরা উত্তরপত্রের **QR** কোডের উপর ধরুন আপনার উত্তরপত্র সঠিক আছে কিনা তা বুঝতে পারবেন।

বি. দ্র.

১। উত্তরপত্র যাচাই পদ্ধতি অনুসরণ করে চাহিত সকল উত্তরপত্র ভালোভাবে মিলিয়ে ক্রমানুসারে সাজিয়ে জমা দিতে হবে।
২। কোনো উত্তরপত্রে ত্রুটি পরিলক্ষিত হলে ত্রুটির বিবরণ উত্তরপত্রের সাথে জমা দিতে হবে।
৩। উত্তরপত্রের প্রাপ্ত নম্বর কোনক্রমেই সংশোধন করা যাবে না।
৪। কোনো উত্তরপত্রের নম্বর পূর্বেই সংশোধন করা থাকলে নম্বরপত্রের কপিসহ সংশোধনের বিবরণ জমা দিতে হবে।

০৮-১১-২০২৬
(প্রফেসর এস. এম. হোসেন আলী)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪

প্রধান পরীক্ষকগণ
এইচএসসি পরীক্ষা-২০২৬
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর